# সকল প্রকার গণহিংসা রোধে অন্তর্বর্তী সরকারের কঠোর আহ্বান



সংগৃহীত ছবি

সাম্প্রতিক সহিংস ঘটনার প্রেক্ষিতে সব ধরনের গণহিংসা, উসকানি ও ভীতি প্রদর্শন প্রতিরোধে দেশবাসীর প্রতি আহ্বান জানিয়েছে অন্তর্বর্তী সরকার। সরকার জানিয়েছে, গণতান্ত্রিক রূপান্তরের এই সময়ে সহিংসতার কোনো স্থান নেই এবং অপরাধীদের আইনের আওতায় আনা হবে।

শুক্রবার (১৯ ডিসেম্বর) দুপুরে দেওয়া এক বিবৃতিতে সহিংসতা, অগ্নিসংযোগ, ভীতি প্রদর্শন ও সম্পত্তি ধ্বংসের মতো সব ধরনের গণহিংসার তীব্র নিন্দা জানানো হয়।

বিবৃতিতে বলা হয়, দেশ বর্তমানে একটি গুরুত্বপূর্ণ গণতান্ত্রিক রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে। এই প্রক্রিয়াকে ব্যাহত করতে যারা বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করছে, তাদের উদ্দেশ্য কোনোভাবেই সফল হতে দেওয়া হবে না। সরকার মনে করে, সংসদ নির্বাচন ও গণভোট কেবল রাজনৈতিক কার্যক্রম নয়; এগুলো জাতির সঙ্গে করা একটি পবিত্র অঙ্গীকার।

বিবৃতিতে শহীদ শরিফ ওসমান হাদির আত্মত্যাগের কথা স্মরণ করে বলা হয়, তার স্মৃতির প্রতি সম্মান জানাতে সংযম, দায়িত্বশীলতা ও ঘৃণা প্রত্যাখ্যানের মানসিকতা জরুরি। একই সঙ্গে ময়মনসিংহে এক হিন্দু ব্যক্তিকে পিটিয়ে হত্যার ঘটনায় গভীর নিন্দা জানিয়ে সরকার স্পষ্ট করে জানায়, নতুন বাংলাদেশে এ ধরনের সহিংসতার কোনো স্থান নেই এবং জড়িতদের কাউকেই ছাড় দেওয়া হবে না।

সংকটময় এই সময়ে সহিংসতা ও উসকানি প্রতিহত করে শান্তি ও শৃঙ্খলা বজায় রাখার মাধ্যমে শহীদ হাদির প্রতি সম্মান জানানোর আহ্বান জানিয়েছে অন্তর্বর্তী সরকার।

LENS ASIA